**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা-২**

**বিষয়: রেলপথ মন্ত্রণালয়ের মার্চ ২০২১ মাসের মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : **জনাব মোঃ সেলিম রেজা**
সচিব
রেলপথ মন্ত্রণালয়
তারিখ : ০৩ মার্চ, ২০২১
সময় : সকাল ১০.০০ টা

**সভার উপস্থিতি:**

সভায় রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, যুগ্ম-সচিব এবং উপসচিবসহ সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট 'ক'** তে উপস্থাপন করা হলো।

**০২। সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি জানান, ০২/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত এনইসি'র সভায় অন্যান্য মন্ত্রণালয়ের মন্ত্রী এবং সচিবগণের উপস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রী রেলপথ মন্ত্রণালয়ের সাম্প্রতিক কার্যক্রম সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেছেন। এজন্য সভাপতি রেলপথ মন্ত্রণালয়ের সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, সৈয়দপুর ও পাহাড়তলী রেল কারখানায় নিরলস পরিশ্রম ও নিষ্ঠার সাথে দীর্ঘদিন কাজ করে কর্মরত কর্মচারিগণ দক্ষতা অর্জন করেন। তিনি এসকল সুদক্ষ কর্মচারিদের উপযুক্ত কাজে লাগানোর উপর গুরুত্বারোপ করেন। রেলওয়ের উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি খাতকেও কাজে লাগাতে তিনি পরামর্শ প্রদান করেন। তিনি আরো বলেন, এ দক্ষ জনবলের অভিজ্ঞতা রেলের উন্নয়নে অবদান রাখতে পারে।

২.১। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) বিগত সভার কার্যবিবিরণী সকলের অবলোকন করতঃ সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য আহবান জানান। এ পর্যায়ে উপসচিব (উন্নয়ন-২) জানান, বিগত সভায় রেলভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (Vertical Extension) সম্পর্কে আলোচনা করা হয়েছিল কিন্তু কার্যবিবরণীতে বিষয়টি অন্তর্ভুক্ত হয়নি। সভায় বিষয়টি অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়।

অতঃপর যুগ্মসচিব (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা) কে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব **(প্রশাসন-২)**-সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | **মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধি**<br>রেলপথ মন্ত্রণালয়ের জনবল কাঠামোতে ১৩৫টি পদ আছে। পরিবর্তিত পরিস্থিতিতে ৫৬টি পদ বৃদ্ধি করা হচ্ছে। বর্ধিত পদসহ জনবল কাঠামোতে সর্বমোট পদ হবে ১৯১ টি। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কিছু বিষয়ে অধিকতর তথ্য চেয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদামতে তথ্যাদি সংগ্রহপূর্বক প্রেরণ করা হবে। সভায় মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধির প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার বিষয়ে জোর দেওয়া হয়। | (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যের জবাব উন্নয় ও পরিকল্পনা শাখা হতে সংগ্রহ করে ১৫ দিনের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করে জনবল বৃদ্ধির কার্যক্রম শেষ করতে হবে। | (১) অতিরিক্ত সচিব (সকল)/<br>(২) যুগ্মসচিব (প্রশাসন)/ উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.২ | **ই- নথির কার্যক্রম**<br>সম্প্রতি ই- নথির কার্যক্রম শিথিল হয়েছে মর্মে সভায় মত ব্যক্ত হয়। এ অবস্থা চলমান থাকলে পেপারলেস অফিস বাস্তবায়ন করা সম্ভব হবে না। সভায় ই-নথির কার্যক্রম জোরদার করার উপর গুরুত্ব আরোপ করা হয়। | **(১)** ই—নথির কার্যক্রম পরিচালনায় রেলপথ মন্ত্রণালয়ের অবস্থান আরও ভালো করতে হবে।<br>**(২)** ইন্টারনেট স্পিড বৃদ্ধি করতে হবে অথবা বর্তমান ইন্টারনেট সরবরাহকারী প্রতিষ্ঠান স্পিড বৃদ্ধি করতে না পারলে নতুন অপারেটরের সংযোগ দিয়ে সমস্যা সমাধান করতে হবে। | **(১)** সিনিয়র সিস্টেম এনালিস্ট/ সহকারী প্রোগ্রামার (সকল) |
| ৩.৩ | **জনবল নিয়োগ**<br>সভায় জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত শুরু করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সকল পদের জন্য একই দিনে পরীক্ষা না নিয়ে দুই দিনে পরীক্ষা নেওয়ার পক্ষে মত ব্যক্ত করা হয়। | **(১)** নিয়োগ কমিটিকে দ্রুত নিয়োগ পরীক্ষার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) উপসচিব (প্রশাসন-১) |
| ৩.৪ | **ফেসবুক ও ওয়েবসাইটে তথ্য প্রদান**<br>সভায় মন্ত্রণালয়ের সকল কার্যক্রমের তথ্য ওয়েবসাইট ও ফেসবুকে প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। মন্ত্রণালয়ের সকল কার্যক্রম যথাযথ গুরুত্ব দিয়ে ফেসবুকে আপ্লোড করা হয়না মর্মে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | (১) মন্ত্রণালয়ের সকল কার্যক্রমের তথ্য ওয়েবসাইট ও ফেসবুকে প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও ফেসবুকে কোন তথ্য আপলোড করার সময় ভাল ভাবে ক্যাপশন ও ছবি সুস্পষ্ট করে বিষয় দিয়ে আপলোড করতে হবে।<br>(২) ফেসবুক এডমিন হিসেবে জনাব মোঃ শরিফুল আলম, সিনিয়র তথ্য অফিসার এর পাশাপাশি (ক) জনাব মোহাম্মদ আতিকুর রহমান, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব) (খ) জনাব মুহাম্মদ মাহবুবুল হক, সচিবের একান্ত সচিব (উপসচিব) (গ) মোহাম্মদ মাহফুজ হোসেন, সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) (ঘ) খোন্দকার মোঃ নাজমুল হুদা শামিম, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও ফেসবুকে মন্ত্রণালয়ের কার্যক্রম আপলোড করার ক্ষেত্রে এডমিন হিসেবে কাজ করবেন।<br>(৩) মন্ত্রণালয়ের সকল সভার নোটিশের অনুলিপি তথ্য কর্মকর্তাকে দিতে হবে। | (১) অনুবিভাগ প্রধান (সকল)<br>(২) যুগ্ম-সচিব (অডিট ও আইসিটি)<br>(৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব/<br>(৪) সচিবের একান্ত সচিব<br>(৫) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)<br>(৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট/ সহকারী প্রোগ্রামার<br>(৭)সিনিয়র তথ্য অফিসার। |
| ৩.৫ | **Knowledge Management cell গঠনঃ**<br>সভায় মন্ত্রণালয়ের জন্য একটি Knowledge Management Cell গঠন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। বিষয়টি অনেকদিন ধরে অনিষ্পন্ন থাকায় এ বিষয়ে মাননীয় মন্ত্রীর সাথে আলোচনা সাপেক্ষে কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন মর্মে সভায় মত ব্যক্ত করা হয়। | **(১)** মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট থেকে সময় নিয়ে এ বিষয়ে দুত পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) উপসচিব (প্রশাসন-১) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.৬ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নঃ**<br>সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির টার্গেট অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। সভায় মত ব্যক্ত করা হয় যে বিষয়টি কোনো একটি শাখা বা অনুবিভাগের নয়। সকল শাখার কার্যক্রম এর সাথে জড়িত। সভায় জানানো হয় যে মুজিব বর্ষ উপলক্ষে একটি ডকুমেন্টারি তৈরির কাজ বাকী রয়েছে। এটি দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। সভায় অতিরিক্ত সচিব বাজেটের নেতৃত্বে একটি কমিটি কাজ করতে পারে মর্মে সুপারিশ করা হয়। | (১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির টার্গেট অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সকল অনুবিভাগকে কাজ করতে হবে।<br>(২) অতিরিক্ত সচিব (বাজেট ও পরীবীক্ষণ) ভিডিও ডকুমেন্টারি তৈরির কার্যক্রম দ্রুত গ্রহণ করবেন। | (১) অনুবিভাগ প্রধান (সকল)।<br>(২) অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) |
| ৩.৭ | **শাখা পরিদর্শন, প্রকল্প ও মাঠ অফিস পরিদর্শনঃ**<br>সভায় মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে শাখা, প্রকল্প ও মাঠ অফিস / স্টেশন পরিদর্শন বৃদ্ধি করার বিষয়ে মত ব্যক্ত করা হয়। | (১) সকল কর্মকর্তাকে শাখা, প্রকল্প ও মাঠ অফিস/ স্টেশন পরিদর্শন কর্যক্রম আরও বৃদ্ধি করতে হবে।<br>(২) পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | (১) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>(২) সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ৩.৮ | **উন্নয়ন প্রকল্প পরিদর্শনঃ**<br>সভায় নিয়মিত উন্নয়ন প্রকল্প পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে মত ব্যক্ত করা হয়। | (১) মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরির্দশন করতে হবে এবং রিপোর্ট প্রদান করতে হবে।<br>(২) পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | (১) অতিরিক্ত সচিব (নাউন্নয় ও পরিকল্প)<br>(২) সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ৩.৯ | **মোবাইল কোর্ট পরিচালনা, রেলওয়ে নিরাপত্তা ও পরিষ্কার–পরিচ্ছন্নতা অভিযানঃ**<br>সভায় এপিএ এবং শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে টার্গেট অর্জন করার বিষয়ে জোর দেওয়া হয়। | (১) নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা আরও বৃদ্ধি করে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>(২) এস্টেট অফিসারদের অভিযানকে মোবাইল কোর্টের হিসাবের অন্তর্ভুক্ত করতে হবে। | (১) সিনিয়র সহকারী সচিব (অপারেশন)/<br>(২) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)।<br>(৩) এস্টেট অফিসার (সকল)। |
| ৩.১০ | **উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নঃ**<br>পূর্বের সভায় মাননীয় মন্ত্রীর একান্ত সচিব ও তার টিম কর্তৃক উপস্থাপিত বাংলাদেশ রেলওয়ে কর্তৃক যাত্রীক অ্যাপটি গ্রহণ করে এটি চালুর উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় মত ব্যক্ত করা হয়। | (১) উদ্ভাবন কমিটি প্রস্তাব আকারে অ্যাপটি দ্রুত চালু করতে হবে।<br>(২) যুগ্ম সচিব প্রশাসন অর্থের সংস্থান করবেন। | (১) উদ্ভাবন কর্মপরিকল্পনা কমিটি<br>(২) যুগ্ম-সচিব (প্রশাসন) |
| ৩.১১ | **স্বাস্থ্যবিধি মেনে অফিস করা এবং মন্ত্রণালয়ের নিরাপত্তা বিধানঃ**<br>সভায় জানানো হয় যে করোনা ভাইরাসের প্রকোপ রোধে মন্ত্রণালয়ে স্বাস্থ্যবিধি মানার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়েছে। সতর্কতামূলক স্টিকার লাগানো হয়েছে। | (১) স্বাস্থ্যবিধি মেনে অফিস করার বিষয়ে কোনোপ্রকার শৈথিল্য দেখানো যাবে না। রেলপথ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারীকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে, কর্মস্থলে মাস্ক পরিধান করতে হবে। এ জন্য পুনরায় অফিস আদেশ জারী করতে হবে। | (১) অতিরিক্ত সচিব (সকল)<br>(২) উপসচিব (প্রশা-১/৪) |
| ৩.১২ | **রেলসেবা এবং যাত্রীসেবার মান উন্নয়ন**<br>সভায় রেলসেবা এবং যাত্রীসেবার মান কীভাবে উন্নত করা যায় সে বিষয়ে সকল কর্মকর্তার ধারণা উপস্থাপনের উপরে গুরুত্ব দেওয়া হয়। | (১) সকল কর্মকর্তা নিজ নিজ ধারণা লিপিবদ্ধ করে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে। | (১) রেলপথ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১৩ | **রেলভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (Vertical Extension):**<br>রেলভবনের ২য়, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৯ম তলায় রেলপথ মন্ত্রণালয়ের দপ্তরসমূহ অবস্থিত। তন্মধ্যে শুধুমাত্র ৯ম তলার সম্পূর্ণ ফ্লোর মন্ত্রণালয়ের জন্য ব্যবহৃত হচ্ছে। অন্যান্য তলায় সামান্য কিছুসংখ্যক কক্ষে দুই/একটি শাখা অবস্থিত। দেখা যায় শাখা অফিস (প্রশাসনিককর্মকর্তা), শাখা কর্মকর্তা, অধিশাখা, অনুবিভাগ ভিন্ন ভিন্ন ফ্লোরে অবস্থিত, সেক্ষেত্রে কার্যসম্পাদনে ease of working environment যথাযথভাবে বজায় থাকেনা। এছাড়া মন্ত্রণালয়ের কর্মপরিধি ও কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় রেলভবনে বরাদ্দকৃত কক্ষ মন্ত্রণালয়ের জন্য অপ্রতুল। এ প্রেক্ষাপটে রেলভবনের ২/১ টি ফ্লোর উর্ধ্বমুখী সম্প্রসারণ (Vertical Extension) করে অতি স্বল্পসময়ে মন্ত্রণালয়ের জন্য একটি সুন্দর কর্মপরিবেশ সৃষ্টি করা যেতে পারে। | (১) বাংলাদেশ রেলওয়ের বাজেটে বরাদ্দকৃত অনাবাসিক ভবন খাত হতে রেলভবনের দুইটি বা একটি ফ্লোর উর্ধ্বমুখী সম্প্রসারণে প্রধান প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (১) ডিজি, বাংলাদেশ রেলওয়ে<br>(২) অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)<br>(৩) প্রধান প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে। |

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: সেলিম রেজা)
সচিব
রেলপথ মন্ত্রণালয়